

তারিখ: 16/12/2016

**প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016**

ভারত সরকার, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সাথে আলোচনা করে, প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম, 2016 ঘোষণা করেছেন। কোনও ব্যক্তি যিনি প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016 –এর অধীনে অপ্রকাশিত আয় ঘোষণা করেছেন তিনি এই স্কিমটির অধীনে আমানত করবেন। আমানতরাশি, যার পরিমাণ অপ্রকাশিত আয় বলে ঘোষিত রাশির পঁচিশ শতাংশের কম হওয়া চলবে না, ডিসেম্বর 17, 2016 (শনিবার) থেকে মার্চ 31, 2017 (শুক্রবার) পর্যন্ত প্রাধিকৃত ব্যাঙ্কসমূহে (ভারত সরকার দ্বারা ঘোষিত) জমা করা যাবে। ঘোষণাকারী কর্তৃক জমা করার সাপেক্ষে আমানতরাশি বন্ডস লেজার অ্যাকাউন্টে (বিএলএ) রাখতে হবে যেটি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে সংরক্ষিত হবে এবং চার বছরের শেষে ফেরত দেওয়া হবে। স্কিমটির সম্পর্কে বিস্তারিত বিবরণ <https://rbi.org.in> - এর মাধ্যমে জানা যাবে।

প্রেস প্রকাশনী: 2016-2017/1555

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা